

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪২৮৭

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/৩৪. মুহাম্মাদ 🎉 ্রএর উম্মাতের বৈশিষ্ট্য

بَابِ صِفَةِ أُمَّةِ مُحَمَّدٍ عَلَيْكِ

আরবী

حَدَّثَنَا عِيسَى بْنُ مُحَمَّدِ بْنِ النَّحَّاسِ الرَّمْلِيُّ، وَأَيُّوبُ بْنُ مُحَمَّدِ الرَّقِيُّ، قَالاَ حَدَّثَنَا ضَمْرَةُ بْنُ رَبِيعَةَ، عَنِ ابْنِ شَوْذَب، عَنْ بَهْزِ بْنِ حَكِيمٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ مِنْ رَبِيعَةَ، عَنِ ابْنِ شَوْذَب، عَنْ بَهْزِ بْنِ حَكِيمٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " نُكْمِلُ يَوْمَ الْقِيَامَةِ سَبْعِينَ أُمَّةً نَحْنُ آخِرُهَا وَخَيْرُهَا " .

বাংলা

৬/৪২৮৭। বাহ্য ইবনে হাকীম (রাঃ) থেকে তার পিতা ও তার দাদার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন আমার উম্মাত সত্তর সংখ্যা পূর্ণ করবে। আমরা হবো এর সর্বশেষ ও সর্বোত্তম উম্মাত।

English

It was narrated from Bahz bin Hakim, from his father, that his grandfather said:

"The Messenger of Allah (ﷺ) said: 'On the Day of Resurrection, we will complete seventy nations, of whom we are the last and the best.'"

ফুটনোট

তিরমিয়ী ৩০০১, আহমাদ ১৯৫০৯, ১৯৫২০, ১৯৫৪০ দারেমী ২৭৬০, মিশকাত ৬২৮৫। তাহকীক আলবানীঃ হাসান। দমারাহ বিন রাবীআহ সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি সালিহ। আবু সাঈদ বিন ইয়ুনুস আলম্মসরী বলেন, তিনি তাদের যুগে একজন ফকিহ ছিলেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী ও আহমাদ বিন সালেহ আল-জায়লী বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কিছু সন্দেহ করেন। যাকারিয়া বিন ইয়াহইয়া আস-সাজী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৯৩৮, ১৩/৩১৬ নং পৃষ্ঠা)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন